

وجـوب لزوم السنة

الشيخ عبدالعزيز بن با

ترجمة محمد رقيب الدب

সুন্নাতে রাসূল আঁকড়ে ধরা এবং বিদ্আত থেকে সতর্ক থাকা অপরিহার্য

মূলঃ– শেখ আব্দুল আযীয় বিন আব্দুপ্তাহ বিন বায

মৃক্তী প্রধান, মহাপরিচালক
ইসলায়ী গবেষবা ও কাঙ্ওরা অধিনধার ও প্রধান,উচ্চ ওলামা পরিষদ
লৌগী আরব
অনুবালঃ
মৃত্যুদ্দের রকীবৃদ্ধীন আহ্মাদ হোসাইন
মৃত্যুদ্দ ও প্রকাশনায়ঃ
ইসলায়ী কাওয়াক,এলাক,বাংকুক ও বর্গ বিকাশ মন্ত্রালয়
স্বোদ্ধী আক্রম।

সুন্নাতে বাসুল আঁকড়ে ধরা ধ্বং বিদআ'ত থেকে সতর্ক থাকা অপরিহার্য

মূল আরবীঃ
মহামান্য শার্থ আবুল আবীয় বিন আবুল্লাহ বিন বায
প্রথান, ইসলামী গবেষণা, ইফ্ডা, দাওরাড
ও ইরশাদ বিভাগ, রিরাদ

অনুবাদঃ বুহাখদ রকীকুদীন আহমদ হুসাইন



আল্লামা শায়খ বিন বাবের সংক্ষিপ্ত পরিচয়

আল্লামা শারৰ আবদুল আরীব বিন আবদুলাহ বিন বাব বর্তমান মুসলিম বিশ্বে এক সুপরিচিত ইসলামী ব্যক্তিত্ব। অনন্য প্রজ্ঞা, অসাধারণ পাণ্ডিত্ব, উদার চরিত্র এবং ইসলাম ও মুসলমানদের আর্থে নির্মান পোণ্ডের জন্য দেশ ও মাবহাব নির্বিশেবে তিনি সকলের কাছে সমাদৃত। বিশ্ব মুসলিমের ঐক্য ও সংহতি প্রতিষ্ঠার এবং ইসলাম বিরোধী নানা চক্রান্ত ও কুলা—কৌশদের বিরুদ্ধে তাঁর অকুতোভর জিহাদ সর্বত্র প্রশংসনীর। কুরআন ও সুরাতে বর্ণিত খাঁটি ইসলামী আক্রীদার প্রচার এবং কাল—পরিক্রমার মুসলিম সমাজের জটবাঁধা কুসংস্কার ও বিদ্আাতের প্রতি অসুলি নির্দেশের মাধ্যমে উত্যাতের কাছে ইসলামের প্রকৃত রূপ পুনংস্থাপনের চেষ্টার তিনি নিরোজিত। তাভহীদের প্রতিষ্ঠা ও সুরাতে রাস্লের বান্তবারন সংক্রান্ত বিষয় তাঁর লেখনী, বন্ধ্যুল ও প্রতিষ্ঠানিক ব্যন্থতার মুধ্য অংশ। হক ও বাতিলের পার্থক্য নির্দারশে কখনও কোন শঙ্কা বা প্রলোভন তাঁর অকুতোভর চরিত্রকে প্রভাবিত করতে পারেনি।

আয়ামা শারথ বিন বাব ১৩৩০ হিজরীর জিলহাজ মাসে সৌদী আরবের রাজধানী রিয়াদ শহরে জনা গ্রহণ করেন। ছাত্র জীবনের প্রথম দিকে তার দৃষ্টিশক্তি তালই ছিল। ১৩৪৬ সনেই তার চোথে প্রথম রোগ দেবা দের এবং এর কলে তার দৃষ্টিশক্তি দুর্বল হয়ে পড়ে। অতঃপর, ১৩৫০ সনের মুহাররাম মাসে অর্বাৎ বিশ বছর বয়সে তার দৃষ্টিশক্তি সম্পূর্ণতাবে লোগ পার। এ সম্পর্কে তিনি বলেনঃ আমার দৃষ্টিশক্তি হারালোর উপরও আমি আয়াহ পাকের সর্ববিধ প্রশংসা জ্ঞাপন করি। আয়াহ পাকের কাছে দোরা করি তিনি বেন এর

পরিবর্তে দূনিয়াতে জ্ঞান ও প্রজ্ঞা এবং আধিরাতে উন্তম প্রতিফল দান করেন, যেমন তিনি তার রাস্ল মূহামাদ সাল্লাল্লাহ আলাইহি ওসাল্লামের ভাষায় এই সম্পর্কে প্রতিশ্রুতি দিয়েছেন। আমি আল্লাহ পাকের কাছে আরো দোয়া করি তিনি যেন দুনিয়াতে ও আধিরাতে আমার শুত পরিণতি দান করেন।"

বাল্যকাল হতেই শায়খ বিন বাষ লেখাপড়া শুরু করেন। বালেগ হওয়ার পূর্বেই তিনি কোরআন শরীফ হিক্জ করে ফেলেন। মকার খ্যাতনামা কারী শায়খ সা'দ ওকাস আল—বুখারীর নিকট তাজবীদ শিক্ষা লাভ করেন। অতঃপর তিনি সৌদী আরবের তৎকালীন গ্রাভমৃষ্টী মৃহাম্মাদ বিন ইব্রাহীম বিন আবদুল লতীফ আলে শায়খ সহ দেশের খ্যাতনামা আলেমগণের নিকট শরীআভের বিভিন্ন শাত্রেও আরবী ভাষায় গভীর শিক্ষা লাভ করেন। গ্রাভমৃষ্টী শায়খ মৃহাম্মাদ বিন ইব্রাহীমের নিকট একাধারে তিনি দশ বছর বিভিন্ন ধর্মীয় বিবয়ে হাতে কলমে শিক্ষা গ্রহণ করেন।

১৩৫৭ সনে উক্ত শায়খ মৃহামাদ বিন ইবাহীমের প্রস্তাবান্যায়ী তিনি রিয়াদের অদ্রে আল—খারজ এলাকার বিচারপতি নিযুক্ত হন।
দীর্ঘ চৌদ্দ বছর বিচারপতির দায়িত্ব পালনের পর ১৩৭২ সনে রিয়াদ
প্রত্যাবর্তন করেন এবং রিয়াদ মাহাদে ইল্মীতে শিক্ষকতার কাজে
নিয়োজিত হন। এর এক বছর পর তিনি রিয়াদের শরীআত কলেজে
অধ্যাপনার কাজ শুরু করেন। দীর্ঘ নয় বছর এই কলেজে তিনি
ফিক্হ, তাওহীদ ও হাদীস শাল্রে শিক্ষা দান করেন। ১৩৮১ সনে
যখন মদীনায় ইসলামী বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয় তখন শায়খ বিন
বাষ এর প্রথম তাইস চালেলর পদ অলম্ভ্ করেন। ১৩৯০ সনে তিনি
বিশ্ববিদ্যালয়ের চালেলরের পদে উরীত হন এবং ১৩৯৫ সন পর্যন্ত
এই পদে বহাল থাকেন। অতঃপর ১৩৯৫ সনে বাদশাহী এক
ফরমানের অধীনে তাঁকে শইসলামী গবেষণা, ফাত্ওয়া, দাওয়াত ও

ইরশাদ" দারুল ইফ্তা নামক সৌদী আরবের সর্বোচ্চ ধর্মীয় প্রতিষ্ঠানের প্রধান নিয়োগ করা হয়। অদ্যাবদি, তিনি এই গুরুত্বপূর্ণ পদে সাফল্যের সাথে দায়িত্ব পালন করে যাচ্ছেন।

উক্ত দায়িত্বের পাশাপাশি আরো অনেক সহযোগী সংস্থার সাথে শায়র্থ বিন বায জড়িত রয়েছেন। যেমন ঃ

- ১। সদস্য, উচ্চ উলামা পরিষদ, সৌদী আরব।
- ২। প্রধান, স্থায়ী ইসলামী গবেষণা ও ফাত্তয়া কমিটি।
- ৩। প্রতিষ্ঠাতা প্রেসিডেন্ট ও সদস্য, রাবেতায়ে আলমে ইসলামী।
- ৪। প্রেসিডেন্ট, আন্তর্জাতিক মসন্ধিদ সংক্রোন্ত উচ্চ পরিষদ।
- ৫। সদস্য, উচ্চ পরিষদ, মদীনা ইসলামী বিশ্ববিদ্যালয়।
- ७। व्यमिए के, इमनामी किक्ट नित्रक, मका नतीय।
- ৭। সদস্য, উচ্চ কমিটি দাওয়াতে ইসলামী, সৌদী আরব।

আল্লামা শায়ধ বিন বাষ ছোট—বড় অনেক মৃশ্যবান গ্রন্থের রচয়িতা। তনাধ্যে সঠিক ধর্ম বিশাস ও উহার পরিপন্থী বিষয়, ইসলামের দৃষ্টিতে আরব জাতীয়তাবাদ, আল্লাহর দিকে আহবান ও আহবানকারীর চরিত্র, স্রাতে রাস্ল আকড়ে ধরা, বেদআত থেকে সতর্ক থাকা অপরিহার্য, হাজ্জ, উমরা ও যিয়ারত সম্পর্কিত বিষয়াদির বিশ্লেষণ, আল্লাহর পথে জিহাদ ইত্যাদি। এ ছাড়া শরহ আকীদায়ে তাহাভীয়া ও ফাতহল বারী শারহ বৃধারী সহ কয়েকটি গ্রন্থের উপর তার টিকা রয়েছে।


সম্প্রতি শায়খ বিন বাযের বিভিন্ন বক্তা, রচনা, প্রশ্নোন্তর ও পত্রাবলী একত্রে সংকলনের কাজ শুরু হয়েছে। মাজ্মু ফাতাওয়া ও মাকালাত মুতানাওয়ীয়া (ক্রেটি মাজ্মু ফাতাওয়া ও শিরোনামে এই সংকলনের প্রথম চার খন্ড ইতিমধ্যেই প্রকাশিত হয়েছে। ৫ম ও ৬ট খণ্ডের কাজ সমাপ্তির পথে। সংকলনের প্রথম ছয় খণ্ডই তাওহীদ ও তার আনুসাঙ্গিক বিষয়াদির উপর। পরবর্তী খন্ত- গুলোতে যথাক্রমে হাদীস, সালাত্, সিয়াম, **যাকাত, হাজ্ক ই**ত্যাদি অন্তর্ভুক্ত হবে।

"ইসলামী গবেষণা" পত্রিকার সম্পাদক এবং শারখ বিন বাবের বিশেষ উপদেষ্টা ডঃ মুহামাদ বিন সা'দ আল—শুয়াইর এর ডত্ত্বাবধানে আমার উপর এই সকেলনের দারিত্ব অর্পিড হওয়ার আমি নিজেকে ধন্য মনে করছি। এই মহান দারিত্ব পালনে আল্লাহ পাকের বিশেষ তাওফীক কামনা করি।

আল্লামা শায়থ বিন বাষ বিভিন্ন রকমের শুরুদায়িত্ব পালনে শিশ্ব
থাকা সত্ত্বেও দাওয়াত, দরস ও ওয়াজ নসীহতের কর্তব্য থেকে
কখনও বিচ্যুত হননি। সংকাজের আদেশ ও অসংকাজে নিবেধ থেকে
কোন উপলক্ষ বাদ পড়েনি। আল—খারজ এলাকায় বিচারপতি
থাকাকালীন সেখানে দরস ও ওয়াজ নসীহতের হালকা প্রবর্তন
করেন। রিয়াদ প্রত্যাবর্তনের পর রিয়াদত্ব প্রধান জামে মসজিদে বে
দরসের প্রবর্তন করেছিলেন তা আজও জারী রয়েছে। মদীনার থাকা
কালীন সেখানেও দরসের হালকা প্রবর্তন করেন। এমন কি সাময়িক
ভাবে কোন শহরে স্থানাস্তরিত হলে সেখানেও তিনি দরসের হলকা
জারী করেন। এতঘ্যতীত, সময়ে সময়ে বিভিন্ন সংস্থা ও প্রতিষ্ঠানে
উপস্থিত হয়ে ইসলামের বিভিন্ন বিষয়ে সারগর্ত বজ্বতা ও উপদেশ
প্রদানের সুযোগও তিনি হাত ছাড়া করেন না।

আল্লাহ পাক তাঁকে ইসলাম ও মুসলমানদের খেদমতের জন্য আরো তাওফীক এবং ইহকাল ও পরকালে শুভ পরিণতি দান কর্মন। আমীন।

> স্থামাদ রকীবৃদীন হসাইন মাহে রামাযান, ১৪১১ হিজরী



পরম করুণাময় মেহেরবান আল্লাহর নামে শুরু করছি

সুরাতে রাসৃল আঁকড়ে ধরা এবং বিদ্আ'ত থেকে সতর্ক থাকা অপরিহার্য

সকল প্রশংসা আল্লাহর জন্য যিনি দ্বীনকে পূর্ণতা দান করেছেন এবং আমাদের জন্য সকল কল্যাণ বিধান করে ইসলামকে দ্বীন হিসাবে নির্বাচন করেছেন। শান্তি ও করুণা বর্ষিত হউক তাঁরই বিশেষ বান্দাহ ও রাসূল মুহামদের উপর যিনি অতিরঞ্জন, বিদআ'ত (নব প্রথা) ও পাপাচার হতে মুক্ত থেকে তাঁর প্রভূর আনুগত্য করার প্রতি আহ্বান করেছেন। আল্লাহ তাঁর উপর, তাঁর বংশধর ও সাহাবী এবং কিয়ামত পর্যন্ত যারা তাঁর প্রদর্শিত পথের অনুসারী হবে সকলের উপর করুণা বর্ষণ করুন।

পতঃপর, ভারতের উত্তর প্রদেশের শিল্প নগরী কানপুর থেকে প্রকাশিত 'ইদারাত' নামক এক উর্দু সাপ্তাহিকীর প্রথম পৃষ্ঠায় প্রকাশিত একটি প্রবন্ধ সম্পর্কে আমি অবহিত হলাম। এতে প্রকাশ্যভাবে সৌদী আরবের অবলবিত ইসলামী আঝীদা সমূহ এবং বিদআ'ত বিরোধিতার উপর আক্রমণাত্মক অভিযান চালানো হয়েছে। সৌদী সরকার কর্তৃক অবলবিত সলফে সালেহীনের আঝীদাকে স্নাহ বিরোধী বলে দোষারোপ করা হয়েছে। লেখক আহলে স্নাতের মধ্যে ঐক্য ও সংহতি বিনষ্ট করে তাদের মধ্যে বিদআ'ত ও কুসংস্কারের প্রসার সাধনের দ্রভিসন্ধি নিয়েই উক্ত প্রবন্ধটি রচনা করেছেন।

নিঃসন্দেহে এটি একটি জঘন্য আচরণ ও ভয়ানক চক্রান্ত, যার উদ্দেশ্য ইসলাম ধর্মের ক্ষতি এবং ভ্রষ্টভা ও বিদজা'তের প্রসার সাধন। লেখক রাস্পুরাহর জন্মানুষ্ঠান বা মিলাদ মাহফিল আয়োজনের উপর পরিস্কারতাবে জার দিয়েছেন এবং এ প্রসঙ্গ ধরে সৌদী আরব ও তার নেতৃত্বের বিশুদ্ধ আঝীদার উপর বিরূপ আলোচনার সূত্রপাত করেছেন। অতএব, জনসাধারণকে এ সম্পর্কে সতর্ক করে দেওয়ার প্রয়োজন অনুভূত হওয়ায় আল্লাহ তারালার সাহায্য প্রার্থনা করে আমি নিমোক্ত বক্তব্য প্রদান করছি।

রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওরাসাল্লাম বা অন্য কারো জন্মোৎসব পালন করা জারেজ নয়, বরং তা বারণ করা অবশ্য কর্তব্য। কেননা, এটি ধর্মে নব প্রবর্তিত একটি বিদআ'ত। রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম কর্যনও এ কাজ করেননি। তাঁর নিজের বা তাঁর পূর্ববর্তী কোন নবী বা তাঁর কোন দুহিতা, স্ত্রী, আত্মীয় অথবা কোন সাহাবীর জন্মদিন পালনের কোন নির্দেশ তিনি দেননি। খোলাফারে রাশেদীন, সাহাবারে কেরাম (আল্লাহ তায়া'লা তাদের সকলের উপর সন্ত্রই হউন) অথবা তাঁদের সঠিক অনুসারী তাবেয়ীনদের মধ্যেও কেউই এমন কাজ করেননি। এমনকি, আমাদের পূর্ববর্তী অধিকতর উত্তম যুগে কোন আলেমও এ কাজ করেননি। অথচ তাঁরা স্ত্রাহ সম্পর্কে আমাদের চেয়ে অধিকতর জান রাখতেন এবং আল্লাহর রাসুল ও তাঁর শরীয়ত পালনকে সর্বাধিক তালবাসতেন। বদি এ কাজটি এমনই সওয়াবের হতো তাহলে তাঁরা আমাদের আগেই তা করতেন।

দ্বীনে ইসলামী একটি পরিপূর্ণ ধর্ম। আল্লাহ তায়া'লা বীয় রাস্লের
মাধ্যমে যে শরীয়ত প্রবর্তন করেছেন তা বয়ং সম্পূর্ণ বিধার আমাদেরকে
তা অনুসরণের নির্দেশ দেওয়া হয়েছে এবং বিদআ'ত বা নতুন কোন প্রথার
সংযোজন থেকে নিষেধ করা হয়েছে। আহলে সুনাত ওয়াল জামারা'ত এই
শিক্ষা সাহাবায়ে কেরাম ও তাঁদের সঠিক অনুসারী তাবেয়ীনদের কাছ
থেকে সর্বান্তঃকরণে গ্রহণ করেছেন।

নবী করীম সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেকে সহীহ হাদীসে বর্ণিত আছে, তিনি বলেছেন– 'আমাদের এই ধর্মে যে কেউ নতুন কিছু উদ্ভাবন সুরাতে রাসুল অকিছে ধরা এবং বিদখা'ত থেকে সতর্ক থাকা অপরিহার্ব

করবে তা প্রত্যাখ্যাত হবে।' এই হাদীসটি বোখারী ও মুসলিমে বর্ণিত হয়েছে। সহীহ মুসলিমে বর্ণিত জন্য এক হাদীসে নবী করীম সাল্লাল্লাহ জালাইহি ওয়াসাল্লাম বলেছেন— 'কেউ বিদি এমন কাজ করে যা জামাদের এই ধর্মে নেই তাহলে তা প্রত্যাখ্যাত হবে।' তিনি জন্য এক হাদীসে এরশাদ করেছেন— 'তোমরা জামার স্রাত এবং জামার পরবর্তী খোলাফায়ে রাশেদীনের স্রাত পালন করবে। আর, তা দৃঢ়তার সাথে ধারণ করবে। সাবধান! কখনও ধর্মে নব প্রবর্তিত ক্লোন বিষয় গ্রহণ করবে না। কেননা প্রত্যেক নব প্রবর্তিত বিষয়ই বিদজা'ত এবং প্রত্যেক বিদজা'তই পঞ্চাইতা।' রাস্ল সাল্লাল্লাহ জালাইহি ওয়াসাল্লাম জুম'জার দিন খুৎবায় বলতেন—'নিচ্মই সর্বোন্তম কথা হলো জাল্লাহর কিতাব জার সর্বোন্তম হেদায়াত হলো মুহামদ সাল্লাল্লাহ জালাইহি ওয়াসাল্লামের হেদায়াত। সর্বনিকৃষ্ট বিষয় হলো মনগড়া নব প্রবর্তিত বিষয় বিদজা'ত এবং এরূপ প্রতিটি বিদজা'ত—ই পঞ্চাইতা।'

এই সমস্ত হাদীসে বিদআ'ত প্রবর্তনের বিরুদ্ধে কঠোর সতর্ক বাণী, উচ্চারণ করা হয়েছে এবং উম্মতকে এর ভয়াবহতা সম্পর্কে সাবধান করা হয়েছে। আর, এতে শিশু হওয়া থেকে ভীতি প্রদর্শনকরা হয়েছে। এ বিষয়ে আরো আনেক সহীহ হাদীস বর্ণিত আছে।

আল্লাহ তায়া'লা বলেন–

﴿ وَمَا مَالَنَكُمُ ٱلرَّسُولُ فَحُدُوهُ وَمَا نَهَاكُمْ عَنِهُ فَانْتَهُواْ ﴾

রাসৃশ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম যা নিয়ে এসেছেন তা গ্রহণ কর এবং যা কিছু নিষেধ করেছেন তা থেকে বিরত থাক।' (সূরা হাশর-৭) আল্লাহ তায়া'লা আরও বলেন-

﴿ فَلْيَحْذَرِ ٱلَّذِينَ يُخَالِفُونَ عَنْ أَسْرُود أَن تُصِيبَهُمْ فِتْنَةً أَوْيُصِيبَهُمْ عَذَابُ ٱلِيدْ ﴾

'যারা তাঁর রোসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম) হকুমের বিরোধীতা করে তাদের তয় করা উচিত যে, তাদের উপর কোন ফেলো বা কোন মর্মস্থদ শান্তি আসতে পারে।'

(স্রান্র-৬৩)

প্রকৃতপক্ষে, তোমাদের মধ্যে যারা পরকালের আশা রাখে এবং আল্লাহকে খুব বেশী করে ব্যরণ করে তাদের জন্য রাসৃশুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লামের জীবনে এক সর্বোন্তম নমুনা বর্তমান রয়েছে।' (সূরাজাহ্যাব-২১)

আল্লাহ তায়া'লা আরও বলেন–

﴿ وَالسَّنبِقُونَ الْأُولُونَ مِنَ الْمُهَجِرِينَ وَالْأَنصَارِ وَالَّذِينَ اتَّبَعُوهُم بِإِحْسَنِ
رَضِي اللَّهُ عَنْهُمْ وَرَضُواْ عَنْهُ وَاعَدَ لَمُمْ جَنَّنْتِ تَجْدِي عَمْتَهَا الْأَنْهَ رُخَلِدِينَ
فِيهَا أَبَدًا ذَلِكَ الْفَوْزُ ٱلْعَظِيمُ ﴾
فيها أبدًا ذَلِكَ الْفَوْزُ ٱلْعَظِيمُ ﴾

'সেসব মৃহাজির ও আনসার, যারা সর্বপ্রথম ঈমানের দাওয়াত কবৃদ করেছিল এবং যারা নিভান্ত সভতার সাথে তাদের অনুসরণ করেছিল তাদের উপর আল্লাহ সন্তুষ্ট রয়েছেন এবং তারাও আল্লাহ তায়ালার উপর সন্তুষ্ট। আল্লাহ তায়া'লা তাদের জন্য এমন জারাত সমূহ তৈরী করে রেখেছেন যার নিরদেশে ঝণাধারা সর্বদা প্রবাহমান। এই জারাতে তারা চিরস্থায়ী হয়ে থাকবে। বল্তুতঃ ইহা এক বিরাট সাফল্য।' (সূরা তাওবা–১০০)

আল্লাহ তায়া'লা আরও বলেন-

﴿ ٱلْيَوْمَ الْحَلْتُ لَكُمْ دِينَكُمْ وَأَتْمَتُ عَلَيْكُمْ نِعْمَتِي وَرَضِيتُ لَكُمُ ٱلْإِسْلَامَ دِينًا ﴾

यूबारक ब्रामून क्विराइ यज्ञा अवर विनवा क व्यवस्थ वाका क्वाबियार्थ

'আজ আমি ভোমাদের দ্বীনকে ভোমাদের জন্য সম্পূর্ণ করে দিলাম, আর, ভোমাদের প্রতি আমার নেয়ামত পূর্ণ করে ইসলামকে ভোমাদের দ্বীন হিসাবে পছন্দ করে নিলাম।'

(সূরামায়েদা-৩)

এই আয়াত য়ারা সুস্পট্টভাবে প্রমাণিত হয় বে, আয়াহ এই উন্মতের জন্য প্রবর্তিত দীনকে পরিপূর্ণ করেছেন, তাঁর নেয়ামতকে সম্পূর্ণ করেছেন। নবী সায়ায়াই আলাইহি ওয়াসায়াম তাঁর উপর অর্পিত বালাগে মুবীন বা স্পার বার্তাকে পৌঁছাবার এবং কথায় ও কাজে শরীয়তকে বান্তবায়িত করার পরই পরলোক গমন করেন। তিনি এই বিষয়টি পরিস্কার করে বলে সেছেন বে, তাঁর পরে লোকেরা কথায় বা কাজে বেসব নব প্রথার উদ্ভাবন করে শরীয়তের সাথে সম্পৃক্ত করবে সেসব বিদআ'ত বিধায় প্রত্যাখ্যাত হবে। যদিও এগুলোর প্রবন্তার উদ্দেশ্য সং থাকবে। সাহাবায়ে কেরাম ও তাবেয়ীগণ বিদআ'ত থেকে জনগণকে সতর্ক ও তয় প্রদর্শন করেছেন। কেনা এটা ধর্মে অতিরিক্ত সংযোজন যার অনুমতি আয়াহ তায়া'লা কাউকে দেননি এবং ইহা আয়াহর শক্র ইহদী ও ব্রীষ্টান কর্ত্কক তাদের ধর্মে নব নব প্রথা সংযোজনের সঙ্গে সামঞ্জস্য স্বরূপ। এরূপ করার অর্থ এই দাঁড়ায় বে, ইসলামকে জসম্পূর্ণ ও ক্রেটিপূর্ণ বলে মিথ্যা অপবাদ দেওয়ার সুযোগ প্রদান করা। এটা যে কত বড় ফাসাদ ও জঘন্য কর্ম এবং আয়াহর বাণীর বিরোধী তা সর্বজন বিদিত।

আল্লাহ বলেন-

﴿ ٱلْيَوْمَ أَكُمْ أَتُ لَكُمْ دِينَكُمْ ﴾

'**ভাজ ভামি তোমাদের জন্য তোমাদের দ্বীনকে পরিপূর্ণ করে দিলাম।'** (সূরামায়েদা–৩)

সেই সাথে ইহা রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের পরিষ্কার হাদীস সমূহ বেগুলোতে ডিনি বিদ্র্যাণত থেকে সতর্ক ও দূরে থাকতে বলেছেন সেগুলোরও সম্পূর্ণ পরিপন্থী।

মিলাদ মাহফিল বা নবীর জন্মোৎসব পালন বা এ জাভীয় অন্যান্য উৎসবাদির প্রবর্তনের মাধ্যমে এ কথাই বোঝা যায় যে, আল্লাহ তায়া'লা এই উন্মতের জন্য ধর্মকে পূর্ণতা দান করেননি এবং যা যা করণীয় তার বার্তা রাসূল সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম উন্মতের নিকট পৌছাননি। তাই, এইসব পরবর্তীকালের লোকেরা এসে এমন কিছু প্রবর্তন করেছেন ষার অনুমতি আল্লাহ তায়া'লা তাদের দেননি, অথচ তারা ভাবছেন এতে আল্লাহর নৈকট্য অর্জিত হবে। নিঃসন্দেহে এতে মারাত্মক ভয়ের কারণ রয়েছে এবং তা আল্লাহ তায়া'লা ও তাঁর রাসল সাল্লাল্লাহ আলাইহি ওল্লাসাল্লামের উপর আপন্তি উত্থাপনের শামিল। অথচ আল্লাহ তাঁর বান্দাহদের জন্য ধর্মকে সর্বাঙ্গীনভাবে পূর্ণ করেছেন ও তার নেয়ামত সম্পূর্ণ করেছেন এবং রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ইসলামের ক্লাষ্ট বার্তা যথাযথভাবে পৌছিয়েছেন। তিনি এমন কোন পথ যা জান্নাতের পানে নিয়ে যায় এবং জাহান্লাম থেকে দূরে রাখে উন্মতকে তা বাতলাতে কসূর করেননি। বেমন- আব্দুল্লাহ বিন আমর বিন আ'স থেকে সহীহ্ হাদীস বর্ণিত হরেছে, রাসুপুরাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ 'আল্লাহ যত নবী পাঠিয়েছেন উন্মতের প্রতি তাদের দায়িত্ব এই ছিল যে, উন্মতের জন্য যা কিছু ভাল জানেন তাই বলবেন আর যা কিছু মন্দ বলে জানেন তা থেকে তাদেরকে সতর্ক করবেন।' সহীহ মুসলিমে এই হাদীস বর্ণিত হয়েছে।

এ কথা সকলের জানা আছে যে, আমাদের নবী সকল নবীদের মধ্যে প্রেষ্ঠ ও সর্বশেষ। তিনি সবার চেয়ে অধিকতর পরিপূর্ণভাবে দ্বীনের পয়গাম ও উপদেশ বার্তা পৌছিয়েছেন। যদি মিলাদ মাহফিল আল্লাহ্ কর্তৃক মনোনীত দ্বীনের অংশ হতো তাহলে তিনি নিচ্যুই উন্মতের কাছে বর্ণনা করতেন বা তাঁর সাহাবীগণ তা করতেন। যেহেতু এমন কিছু পাওয়া যায় না, অতএব, প্রমাণিত হয় যে, ইসলামের সাথে এই মিলাদ মাহফিলের কোনই সম্পর্ক নেই বরং এটা বিদআ'ত যা থেকে রাসূল সাল্লাল্লাহ

আলাইহি ওয়াসাল্লাম তাঁর উম্বতকে সতর্ক থাকতে বলেছেন। যেমন পূর্বোল্লেখিত হাদীস সমূহে বর্ণিত হয়েছে।

এক দল উলামায়ে কেরাম উপরোক্ত ও অন্যান্য দলীলের উপর ভিন্তি করে মিলাদ মাহফিল পালনের বৈধতা অস্বীকার করতঃ এ সম্পর্কে সতর্ক করে দিয়েছেন। এটা জানা কথা যে, বিরোধপূর্ণ বিষয় এবং হালাল বা হারামের ব্যাপারে শরীয়তের নীতি হলো কোরআন ও হাদীসে রাসূল—এর মীমাংসা অনুসন্ধান করা। যেমন—

আপ্রাহ তায়া'লা বলেছেনঃ

﴿ يَتَأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُوٓا أَطِيعُوا ٱللّهَ وَأَطِيعُوا ٱللّهَ وَأَطِيعُوا ٱللّهَ وَأَطِيعُوا ٱللّهَ وَأَلْمِيهُوا الرَّسُولِ إِن كُنْهُم تُوْمِنُونَ بِٱللّهِ وَٱلرَّسُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْرَسُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْرَسُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْمِلْوِي إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْرَسُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْمِلْوِي إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَٱلْمُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِاللّهِ وَالرَّسُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِٱللّهِ وَالْمُولِ إِن كُنْهُم تُومِنُونَ بِاللّهِ وَالرَّسُولِ إِن كُنْهُم تُلْهِ وَالْمُولِ إِلَى كُنْهُم تُومِنُونَ بِأَللّهِ وَاللّهُ مِنْهُ وَالْمُ اللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ وَاللّهُ مُنْهُ وَاللّهُ ولَا لَهُ مُنْهُ وَلَا لَا لَهُمُ وَلَا لَهُ مِلْلُهُ وَاللّهُ وَلّهُ وَلَيْهُ وَلِي اللّهُ وَلِلْهُ وَلَا لَهُ مِلْهُ وَلِلْهُ ولِي لَا لَهُ مِلْهُ ولَا لَهُ مِلْهُ ولَا لَهُ مِلْهُ ولَا لَهُ اللّهِ ولَا لَهُ مِلْهُ ولَا لَهُ ولَا لَهُ ولَا لَهُ مِنْهُ ولَاللّهُ ولَا لَهُ مِنْهُ ولَا لَهُ ولَا لَا لَهُ مِنْهِ ولَا لَا لَا لَا لَهُ مِلْهُ ولَا لَهُ ولَا لَا لَهُ لَا لَا لَا لَا لَا لَا لَا لَا لَهُ لَا لَا لَهُ لِلللّهِ ولَا لَا لَهُ لَا لَهُ لَاللّهُ ولَا لَا لَهُ لِللْهُ ولَا لَا لَا لَا لَا لَا لَا لَا لَاللّهُ ولَا لَهُ لَا لَهُ لِللللّهِ فَاللّهُ لِللللللّهِ فَاللّهُ لِللللللّهِ فَاللّهُ لِلللللّهِ فَاللّهُ لَا لَا لَا لَا لَا للللّهُ لِلللللّهِ فَاللّهُ لَا لَا لَا لَلْهُ لِللللللللّهِ لَا لَا لَا لَا لَاللّهُ لَلْمُولِلْلِلللللّهُ لِللّهُ لِلللللّهِ لَل

'হে ইমানদারগণ। আনুগত্য কর আল্লাহর, আনুগত্য কর রাস্লের এবং তোমাদের মধ্যে কর্তা ব্যক্তিদের। যদি কোন বিষয়ে তোমাদের মধ্যে মত বিরোধ দেখা দেয় তাহলে তা আল্লাহ ও তাঁর রাস্লের দিকে ফিরিয়ে দাও যদি তোমরা আল্লাহ তায়া'লা ও কিয়ামতের উপর বিশ্বাস করে থাক। এটাই উৎকৃষ্ট এবং পরিণতির দিক দিয়ে সর্বোক্তম পদ্বা।

(সূরানিসা–৫৯)

আল্লাহ ভায়া'লা আরও বলেন-

﴿ وَمَا آخْلُفْتُمْ فِيهِ مِن شَيْءِ فَحُكُمُهُ إِلَى اللهِ ﴾

'তোমরা যে বিষয়েই মতভেদ করনা কেন তার মিমাংসা আল্লাহরই নিকট রয়েছে?' (সূরা শূরা–১০)

যদি এই মিলাদ মাহফিলের বিষয়টি সম্পর্কে কোরআন শরীফের দিকে ফিরে যাই তাহলে দেখতে পাই আল্লাহ তাঁর রাসূল যা আদেশ বা নিষেধ করেছেন আমাদের তা–ই অনুসরণ করার নির্দেশ দেন এবং জানান

সূত্ৰাতে ৱাসুল অকিন্ধে ধরা এবং বিলবা'ড বেকে সভৰ্ব থাকা অপরিহার্থ

যে, তিনি এই উন্মতের জন্য তাদের ধর্মকে পূর্ণতা দান করেছেন। রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম যা নিয়ে এসেছেন তার মধ্যে মিলাদ জনুষ্ঠানের কোন ইন্সিত পর্যন্ত নেই। সূতরাং এ কাজ সে দীনের অন্তর্ণুক্ত নয় যা আল্লাহ তায়া'লা আমাদের জন্য পূর্ণ করে দিয়েছেন এবং এ ব্যাপারে আমাদেরকে তাঁর রাস্লের পদান্ধ জনুসরণ করার নির্দেশ রয়েছে।

এভাবে যদি আমরা এ ব্যাপারে সুরাতে রাসৃল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের দিকে লক্ষ্য করি তাহলে দেখতে পাই যে রাসৃল এ কাজ করেননি, এর আদেশও দেননি। এমনকি তাঁর সাহাবীগণও (তাঁদের উপর আলাহর সন্তুষ্টি বর্ষিত হউক) তা করেননি। তাই আমরা বৃঝতে পারি যে, এটা ধর্মীয় কাজ নয় বরং বিদআ'ত এবং ইছদী ও খ্রীষ্টানদের উৎসব সমূহের অন্ধ অনুকরণ। যে ব্যক্তির সামান্যতম বিচক্ষণতা আছে এবং হক গ্রহণে ও তা অনুসন্ধানে সামান্যতম বিবেকও আগ্রহ রাখে তার বৃঝতে কোন অস্বিধা হবে না যে, ধর্মের সাথে মিলাদ মাহফিল বা যাবতীয় জন্ম বার্ষিকী পালনের কোন সম্পর্ক নেই। বরং যে বিদআ'ত সমূহ থেকে আলাহ ও তাঁর রাসূল নিষেধ ও সতর্ক করেছেন এটি সেগুলোরই অন্তর্ভুক্ত।

বিভিন্ন স্থানে অধিক সংখ্যক লোক এই বিদআ'তী কাজে লিঙ দেখে কোন বৃদ্ধিমান লোকের পক্ষে প্রবঞ্চিত হওয়া সংগত নর। কেননা ন্যায় বা হক লোকের সংখ্যাধিক্যের ভিত্তিতে জানা যার না বরং শরীয়তের দলীল সমূহের মাধ্যমে তা জনুধাবন করা হয়। যেমন জাল্লাহ তারা'লা ইহুদী ও খ্রীষ্টানদের সম্পর্কে বলেছেন—

﴿ وَقَالُواْ لَن يَدْخُلُ ٱلْجَنَّةَ إِلَّا مَن كَانَ هُودًا أَوْ نَصَارَىٰ يَلْكَ آمَانِيهُمْ قُلْ هَكَانُوا أَوْ نَصَارَىٰ يَلْكَ آمَانِيهُمْ قُلْ هَكَانُوا أَرُهُ لَا لَكَ آمَانِيهُمْ قُلْ هَكَانُوا أَرُهُ لَا نَكُمْ إِن كُنتُمْ صَدَدِقِينَ ﴾"

'ভারা বলে ইহুদী ও খ্রীষ্টান ছাড়া অন্য কেউ জারাতে কখনও প্রবেশ করবে না।এটা ভাদের মিখ্যা আশা।আপনি বলুন, যদি ভোমরা সভ্যবাদী হয়ে থাক ভাহলে যুক্তি প্রমাণনিয়ে এসো।'
(সূরা বাকারা-১১১)

﴿ وَإِن تُطِعْ أَكْثُرُ مَن فِ ٱلْأَرْضِ يُضِ أُوكَ عَن سَيِيلِ ٱللَّهِ ﴾

'যদি আপনি এই পৃথিবীর সংখ্যাগরিষ্ঠ লোকের অনুসরণ করেন তাহলে তারা আপনাকে আল্লাহ তারা'লার পথ থেকে বিদ্রান্ত করে দেবে।' (সূরাআন'আম-১১৬)

এই মিলাদ মাহফিল সমূহ বিদ্যা'ত হওয়ার সাথে সাথে অনেক এলাকায় প্রায়শঃ তা জন্যান্য পাপাচার থেকেও মৃক্ত হয় না। যেমন নারী—পুরুবের সংমিশ্রণ, গান—বাজনা ও মাদক দ্রব্যের ব্যবহার ইত্যাদি। সর্বোপরি এইসব মাহফিলে শিরকে আকবর সংঘটিত হয়ে থাকে। আর তা হলো—রাস্পুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম ও অন্যান্য আওলিয়ায়ে কেরামের ব্যাপারে বাড়াবাড়ি করা, তাদের কাছে দোয়া করা, সাহায্য ও বিপদ মৃক্তির প্রার্থনা করা এবং এই বিশ্বাস পোষণ করা যে, তারা গায়েব জানেন, ইত্যাদি কাজ যা করলে লোক কাফের হয়ে যায়। কারণ, রাস্ল সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণিত সহীহ হাদীসে রয়েছে, তিনি বলেছেন—'সাবধান। ধর্মে অতিরঞ্জন করো না। তোমাদের আগে যারা ছিল তারা ধর্মে অতিরঞ্জনের ফলেই ধ্বংসপ্রাপ্ত হয়েছে।'

রাসূল সাল্লাল্লাহ আলাইহি ওরাসাল্লাম আরও বলেন— তোমরা আমার এমন অভি প্রশংসা করো না যেমন খ্রীষ্টানগণ ইবনে মারইয়ামের (ঈসা আলাইহিস সালাম) অভি প্রশংসার লিপ্ত হয়েছিল। আমি একজন বান্দা, তাই আমাকে আল্লাহর বান্দা ও তাঁর রাসূল বলে। উল্লেখ করে।' ইমাম বৃখারী তাঁর সহীহ গ্রন্থে এই হাদীসটি উল্লেখ করেছেন।

অতীব আশ্বর্য ও বিষয়ের ব্যাপার এই যে, অনেক লোক এ ধরনের বিদআ'তী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য খুবই তৎপর ও সচেষ্ট এবং এর বিশক্ষে যুক্তি প্রমাণ দাঁড় করাতে বতঃ প্রস্তুত। অথচ তারা জামাতের নামাজে ও জু'মার নামাজে অনুপস্থিত থাকতে কুষ্ঠাবোধ করে না, যদিও তা

স্ত্ৰান্ডে ব্ৰাস্ল অধ্যক্ত ধরা এবং বিদ্লাভ বেকে সভৰ্ক থাকা অপবিহাৰ্ব

আল্লাহ ওয়াজিব করেছেন। এমনকি এ বিষয়ে তারা মস্তক উদ্ভোলনও করে না এবং এটাও উপলব্ধি করে না যে, তারা একটি মারাত্মক অন্যায় কাজ করছে। নিঃসন্দেহে ঈমানের দূর্বলতা, ক্ষীণ বিচক্ষণতা ও নানা রকম পাপাচার হৃদয়ে আসন করে নেওয়ার ফলেই এরকম হয়ে থাকে। আল্লাহ তারা'লার কাছে আমাদের এবং সকল মুসলিমের জন্য সংযম ও নিরাপত্তা কামনা করি।

এর চেয়েও বিষয়কর ব্যাপার এই যে, অনেকের ধারণা, রাস্লুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি গুয়াসাল্লাম মিলাদ মাহফিলে উপস্থিত হন। তাই তারা তাঁকে অভিনন্দন জানাতে দাঁড়িয়ে যান। এটা মন্ত বড় অসত্য ও হীন অক্ততা বৈ কিছু নয়। রাস্ল সাল্লাল্লাহ আলাইহি গুয়াসাল্লাম কিয়ামতেব পূর্বে তাঁর কবর থেকে বের হবেন না, বা কারো সাথে যোগাযোগ করবেন না এবং কোন সমাবেশেও উপস্থিত হবেন না। বরং তিনি কিয়ামত পর্যন্ত বীয় কবরেই অবস্থান কর্বেন এবং তাঁর পাক রূহ প্রভূর নিকট উর্দ্ধতন ইল্লিনের সম্মানজনক স্থানে সংরক্ষিত থাকবে।

আল্লাহ ভায়া'লা বলেছেন–

﴿ مُمَّ إِنَّكُم بَعْدُ ذَالِكَ لَمَيْتُونَ ثُرَّ إِنَّكُمْ يَوْمَ ٱلْقِيدَ مَا قُبْعَتُونَ ﴾

'এরপর তোমাদের অবশ্যই মরতে হবে, অতঃপর কিয়ামতের দিন তোমাদের অবশ্যই প্ণরক্ষীবিত করা হবে।' স্রা মুমেন্ন-১৬)

রাসূল সাল্লাল্লাছ আলাইবি ওয়াসাল্লাম বলেছেন— 'কিয়ামতের দিন আমার কবরই সর্ব প্রথম খন্ডিত হবে। আমিই প্রথম সূপারিশকারী এবং আমারই সুপারিশ সবার আগে গৃহীত হবে।'

এই আয়াত ও হাদীস শরীফ এবং এই অর্থে আরও যেসব আয়াত ও হাদীস এসেছে তার দ্বারা বুঝা যার যে, নবী সাল্লাল্লাহ আশাইহি ওয়াসাল্লাম সহ অন্যান্য সব মৃত লোকগণ শুধুমাত্র কিয়ামতের দিনইতাদেরকবর থেকে বের হবেন। সমস্ত মুসলিম আলেমগণের মধ্যে এ ব্যাপারে ঐক্যমত ইজ্মা) প্রতিষ্ঠিত রয়েছে। এতে কারো মত বিরোধ নেই। সূতরাং সকল মুসলিমের উচিত এসব বিষয়ে অবহিত হওয়া এবং অক্ত লোকেরা ষেসব বিদলাত ও কুসংস্কার আল্লাহ পাকের নির্দেশ ব্যতিরেকে প্রবর্তন করেছে সেসব বিষয়ে সতর্ক থাকা।

রাসূল সাল্লাল্লান্থ আলাইথি গুরাসাল্লাম এর উপর দরদ ও সালাম পড়া নিঃসন্দেহে একটি ভাল আমল এবং আল্লাহর নৈকট্য লাভের এক উন্তম পন্থা। বেমন আল্লাহ ভারা'লা বলেছেন-

﴿إِنَّاللَّهُ وَمَلَكِ كَنَّهُ رُصُلُّونَ عَلَ ٱلنَّبِي يَكَأَيُّهَا ٱلَّذِينَ عَامَنُوا صَلُّوا عَلَيْهِ

وَسَلِمُوا تَسْلِيمًا ﴾

'নিচরই আল্লাহ ও কেরেশতাগণ নবীর প্রতি দরদ পাঠান। হে মুমিনগণ তোমরাও তাঁর প্রতি দরদ ও সালাম পাঠাও।'

(সূরা আহ্যাব–৫৬)

নবী করীম সান্তান্তাহ আলাইহি ওয়াসান্তাম বলেন- 'যে ব্যক্তি আমার প্রতি একবার দর্মদ পাঠার আন্তাহ তারা'লা এর প্রতিদানে তার উপর দশবার দর্মদ পাঠান।'

সব সময়ই দরদে পড়ার বৈধতা রয়েছে। তবে নামাজের শেবে পড়ার জন্য বিশেষতাবে তাকিদ করা হয়েছে বরং জনেক আলেমের মতে নামাজের মধ্যে শেব তালাহ্হদের সময় দরদ পড়া ওয়াজিব। জনেক কেত্রে এই দরদ পড়া সুরাতে মুরাকাদা। বেমন— আবানের পরে, জুম'আর দিনে ও রাতে এবং রাসূল সাল্লাল্লাছ জালাইহি ওয়াসাল্লামের উল্লেখ হলে। এ ব্যাপারে জনেক হাদীস রয়েছে। এই বিষয়ে আমি বা সতর্ক করতে চেয়েছিলাম তা করেছি। আলা করি, আল্লাহ তায়া'লা বার প্রতি উপলব্ধির দ্বার পুলেছেন ও বার দৃষ্টি শক্তিতে আলো দান করেছেন তার জন্য এটুকুই যথেষ্ট।

সূত্রাতে রাসূল অকিছে ধরা এবং বিগৰা'ড থেকে সতর্ব ধাকা অপরিহার্ব

আমার জেনে খুবই দৃঃৰ হন্ন বে, এক্সপ বিদলা'তী জনুষ্ঠান এমন সব
মুসলমান ঘারাও সংঘটিত হচ্ছে বারা তাদের আকায়েদ ও রাস্লুল্লাহর
মহরতের ব্যাপারে খুই দৃঢ়তা রাঝেন। যে এইসবের প্রবক্তা তাকে বলছি,
যদি তুমি সূমী ও রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাই হি ওল্লাসাল্লামের জনুসারী
হওলার দাবী রাখ তাহলে বল, তিনি বলং বা তাঁর কোন সাহাবী বা তাদের
সঠিক জনুসারী কোন তাবেয়ী কি এ কাজটি করেছেন, না এটা ইছদী ও
ব্রীষ্টান বা তাদের মত জন্যান্য আল্লাহর শক্রদের অন্ধ জনুকরণ? এ ধরনের
মিলাদ মাহফিল জনুষ্ঠানের মাধ্যমে রাস্লুল্লাহ সাল্লাল্লাছ আলাই হি
ওল্লাসাল্লামের প্রতি ভালবাসা প্রতিফলিত হয় না। যা করলে ভালবাসা
প্রতিফলিত হয় তা হলো তাঁর নির্দেশের জনুসরণ করা, যা কিছু তিনি
বলেছেন তা বিশ্বাস করা, যা কিছু নিবেধ করেছেন তা বর্জন করা। আল্লাহ
যেভাবে নির্দেশ করেছেন কেবল সেভাবেই তাঁর উপাসনা করা। এমনিভাবে,
রাসুলের উল্লেখ করা হলে, নামাজের সমন্ত্র ও সদা সর্বদা যে কোন উপলক্ষে
তাঁর উপর দরদ পাঠ করার মাধ্যমে তাঁর প্রতি ভালবাসা প্রমাণিত হয়।

এই সমস্ত বেদ'আতী বিষয় অশ্বীকার করে গুহুহাবী আন্দোলন (লেখকের ভাষায়) নতুন কিছু করেনি। বস্তুতঃ গুহুহাবীদের আশ্বীদা হলোনিসরূপঃ

কোরআন ও সূরাতে রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম আঁকড়ে ধরা এবং রাসূল, তাঁর খুলাফায়ে রাশেদীন ও তাঁদের সঠিক অনুসারী তাবেয়ীনদের প্রদর্শিত পথে চলা। আল্লাহর মা'রেফাতের ক্ষেত্রে সলকে সালেহীন, আয়েমায়ে দ্বীন ও ধর্মীয় শাল্লবিদগণের পথ অনুসরণ করা এবং আল্লাহ তায়া'লার সিফাতকে (গুণাবলী) সেভাবে প্রহণ করা বেভাবে কোরআন ও সহীহ হাদীসে বর্ণিত হয়েছে এবং বা রাসূল সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লামের সাহাবীগণ সমর্থন ও প্রহণ করেছেন। ওহুহাবীগণ আল্লাহ তায়ালার সিফাতকে অবিকৃত ও দৃষ্টান্তহীন এবং কোন ধরণ ব্যতিরেকে বিনা দিধার সেভাবে প্রমাণিত ও বিশাস করে চলেন বেভাবে

স্রাভে রাস্ল অকিছে ধরা এবং বিদ্যাভ থেকে সভর্ব থাকা অপরিহার্ব
উহা তাদের কাছে পৌছেছে। তারা তাবেরীন ও তাদের অনুসারী (যারা
ছিলেন ইলম, ঈমান ও তাক্ওরার অধিকারী) সলকে সালেহীন ও
আইশ্বারে দ্বীনের পথই আঁকড়ে ধরে আছেন। তারা এ—ও বিশ্বাস করেন
বে, ঈমানের মূল ভিত্তি হলো 'লা ইলাহা ইল্লাল্লাছ মুহাম্মাদ্র রাস্লুল্লাহ।
(আল্লাহ ব্যতীত কোন মা'বুদ নেই, মুহাম্মদ আল্লাহর রাস্ল বা প্রেরিত
পুরুষ)। এটাই এক আল্লাহর উপর বিশ্বাসের মূল ভিত্তি ও ঈমানের প্রধান
কথা। তারা এ—ও বিশ্বাস করেন বে, এই ঈমানী ভিত্তির প্রতিষ্ঠার ইলম,
আমল এবং ইজমারে মুসলিমের (সমগ্র মুসলমানদের ঐক্যমত) শ্বীকৃতি

এই মৌল বাক্যের অর্থ হলোঃ একক ও অন্বিতীয় আল্লাহর এবাদত করা অবশ্য কর্তব্য, আর আল্লাহ ছাড়া অন্য যা কিছু বা যে কেউ হোক কারোর উপাসনা করা যাবে না। এই সেই হিকমত যার জন্য জ্বীন ও ইনসানকে সৃষ্টি করা হয়েছে, রাস্লগগকে প্রেরণ করা হয়েছে এবং আসমানী গ্রন্থ সমূহ অবতীর্ণ করা হয়েছে। এতে রয়েছে একমাত্র আল্লাহরই প্রতি বিনয় ও ভালবাসা, আনুগত্য ও সম্মান প্রদর্শন। এরই নাম ইসলাম ধর্ম যা ব্যতীত অন্য কোন দ্বীন না পূর্ববর্তীদের কাছ থেকে না পরবর্তীদের কাছ থেকে আল্লাহর কাছে গ্রহণযোগ্য। সমস্ত আন্নিয়ায়ে কেরাম দ্বীনে ইসলামের অনুগামী ছিলেন এবং ইসলামের অন্তর্নিহিত আত্মসমর্পনের গুণে গুণানিও ছিলেন। অতএব, বে ব্যক্তি আল্লাহর কাছে এবং সেই সাথে অন্যের কাছেও আত্মসমর্পন করে বা প্রার্থনা করে সে মুশরিক। আর, যে ব্যক্তি আল্লাহর কছে আত্মসমর্পন করে বা প্রার্থনা করে সে মুশরিক। আর, যে ব্যক্তি আল্লাহর কছে আত্মসমর্পন করে বা প্রার্থনা করে সে মুশরিক। আর, যে ব্যক্তি আল্লাহর কছে আত্মসমর্পন করে না, সে আল্লাহর এবাদত করতে অহঙ্কারী দান্তিক বলে বিবেচিত।

অস্থাহ ভাষালা বলেন-

অপরিহার্য্য।

﴿ وَلَقَدْ بَعَثْ أَنِ كُلِ أُمَّةِ رَّسُولًا أَنِ اعْبُدُوا اللَّهُ وَآجْمَدُ إِلْقَالُعُوتَ ﴾

সূত্রাতে রাস্ল অবিদ্যে ধরা এবং বিদলাত থেকে সতর্ক থাকা অগরিহার্ব
'আমি প্রত্যেক জাতির প্রতি রাস্ল প্রেরণ করেছি এই নির্দেশ দিয়ে যে তোমরা আল্লাহর এবাদত কর এবং শন্নতান ও অনুরূপ ভ্রান্ত শক্তি থেকে
দূরে থাক।'
(সূরানাহণ-২৬)

ওহ্হাবী পন্থীরা 'মূহান্সদ আল্লাহর রাস্প' এই সান্ধীর বাজবারনে বিদ্লা'ত, কুসংস্কারএকংমূহান্মাদ্র রাস্পুলাহর প্রবর্তিত শরীরত বিরোধী আচার অনুষ্ঠান বর্জনে দৃঢ় বিশ্বাসী।

শারথ মুহামদ বিন জাব্দুল ওহুহাবের (তাঁর উপর জাল্লাহ তারা'লার রহমত বর্ষিত হউক) এই ছিল জাক্বীদা। এই জাক্বীদার ভিত্তিতেই তিনি জাল্লাহর বন্দেগী করেন এবং এর প্রতিই লোকদের জাহ্বান জানান। বে ব্যক্তি এছাড়া জন্য কিছু তাঁর প্রতি সম্পৃক্ত করে, সে মিথ্যা এবং বানোরাট কথা বলে স্পষ্ট পাপ করছে। সে এমন কথা বলছে, যা তার জানা নেই। জাল্লাহ তাকে এবং তার মত এইরূপ জপবাদকারীদের যথায়থ শান্তি দিবেন।

শারখ মুহামদ বিন আব্দুল ওহ্হাব ষেসব মুল্যবান বিবৃতি দিয়েছেন এবং অতি উচ্চমানের অনন্য গবেষণাপত্র ও পুক্তকাদি রচনা করেছেন তাতে তিনি কোরআন, স্নাহ ও ইজমার আলোকে তাওহীদ, এখলাস ও শাহাদাতের আলোচনা করে আল্লাহ ছাড়া অন্য সকলের এবাদতের যোগ্যতা বন্ডন করেছেন এবং ছোট বড় সকল প্রকার শিরক থেকে পাক হরে শুধ্ মাত্র আল্লাহকেই পূর্ণতাবে এবাদতের যোগ্য বলে বীকার করার বিষয়টি প্রমাণ করেছেন। যে ব্যক্তি তাঁর পৃক্তকাদি যথায়থ অধ্যয়ন করেছে এবং তাঁর স্পিকিত ও যোগ্যতা সম্পন্ন সহচর ও শিব্যদের মতাদর্শ সম্পর্কে অবহিত হয়েছে সে সহজেই বৃঝতে পারে যে, তিনি সলফে সালিহীন ও আইমারে দীনের মতাদর্শেরই অনুসারী ছিলেন। তিনি তাঁদেরই মত একমাত্র আল্লাহর এবাদতের কথা বলতেন এবং কুসংস্কার—বেদ'আতকে প্রত্যাখান করতেন।

সুমাতে মাসুদ অভিন্ত আ এবং বিদ্যাত বেকে সতর্ব থাকা বদরিহার
সৌদী সরকার এই মতের উপরই প্রতিষ্ঠিত এবং সৌদী উলামরে কেরামও
এই মতাদর্শের উপরই চলেছেন। সৌদী সরকার একমাত্র ইসলাম ধর্ম
বিরোধী বিদ'লাত ও কুসকোর এবং ধর্মীর ব্যাপারে রাসুল সাল্লালাহা
লালাইহি ভরাসাল্লাম কর্ত্ক নিবিদ্ধ সীমাভিরিক্ত ভক্তি ও অভিরক্তনের
বিরুদ্ধেই কঠোরভাবে সোভার। সৌদী আলেম সমাজ, জনগণ ও শাসকবর্গ
প্রতিটি মুসলমানকে অঞ্চল ও গোষ্ঠী নির্বিশেবে গভীরভাবে প্রদা করেন।
ভালের মনে স্বার জন্য ররেছে গভীর ভালবাসা, আতৃত্ব ও মর্যাদা বোধ।
কিন্তু যারা আন্ত ধর্মে বিশাস রাখে এবং বেদ'লাতী ও কুসকোর পূর্ণ
উৎস্বাদি পালন করে ভালের এই কার্বকলাপ ভারা লবীকার ও নিবেশ
করেন। কেননা, এসব কাজ ধর্মে নতুন সংযোজন হিসেবে পরিগণিত ভার
সব নতুন সংযোজনই বেদ'লাত।

আল্লাহ তারালা ও তার রাসূল এসবের অনুমতি দেননি। ইসলামী
শরীয়ত একটি পরিপূর্ণ ও বরংসম্পূর্ণ ধর্ম। এতে নতুন কিছু সংযোজনের
কোন প্রয়োজন বা অবকাশ নেই। তাই মুসলমানদের শুধুমাত্র অনুকরণের
নির্দেশ দেওরা হয়েছে, নব-নব ধর্ম প্রথা প্রবর্তনের জন্য বলা হয়নি। সাহাবা
ও তাদের সঠিক অনুসারী তাবে'রীন থেকে সকল আহলে সুরাভ ওয়াল
ভামায়াত এ বিষরটি সম্যকতাবে সমর্থন ও গ্রহণ কয়েছেন।

এ কথা মনে করা ঠিক নয় যে, রাস্পুলাহ সালালাহ আগাইহি ওয়া সালাম—এর জন্মোৎসব পালন বা এর সর্থপ্রিষ্ট শিরক ও অভিরক্তনকে নিবেধ করা কোনরূপ অনৈসলামিক কাজ এবং এতে রাস্প সালালাহ আগাইহি ওয়াসালামের প্রতি অবজ্ঞা প্রদর্শন করা হয়। বরং এটা ভো রাস্পেরই আনুসভ্য ও ভারই নির্দেশ পালন। তিনি বলেছেন—

'সাবধান! ধর্মে অভিরক্তন করো না। তোমাদের আগে যারা ছিল তারা ধর্মে অভিরক্তনের ফলেই ধ্বংসপ্রাপ্ত হয়েছে।' তিনি আরপ্ত বলেছেন-'তোমরা আমার এমন অভি প্রশংসা করো না যেমন খ্রীষ্টানগণ ইবনে

বুলাতে রাস্প আঁকড়ে ধরা এবং বিদ্যাভ থেকে সভর্ক থাকা অপরিহার্ব

মারইয়াম (ঈসা আলাইহিস সালাম) এর আউ প্রশংসা করেছে। আমি তো মাত্র একজন বান্দা। তাই আমাকে 'আল্লাহর বান্দা ও তার রাসূল বলে উল্লেখ করে।'

উপরোক্তেখিত প্রবন্ধ সম্পর্কে এট্কুই আমার বক্তব্য। আল্লাহ তায়া শার কাছে প্রার্থনা করছি, তিনি যেন আমাদের ও অন্যান্য সকল মুসলমানকে দ্বীন উপলব্ধি করার, এর উপর কায়েম থাকার, সুরাতে রাসূল দৃঢ়ভাবে ধারণ করার এবং বেদ'আত থেকে বেঁচে থাকার তাওফীক দান করেন। নিচয়ই তিনি অশেষ দাতা ও পরম করুণাময়।

আল্লাহ তায়া'লা আমাদের প্রিম্ন নবী মুহামদ (সঃ), তাঁর পরিবার-পরিজন ও সাহাবীদের উপর দর্মদ ও সালাম বর্ষণ করোঁ

—: সমা**ও**:—

مركز الدعوة والإرشاد بالدرعية، ١٤١٨هـ

فهرسة مكتبة الملك فهد الوطنية أثناء النشر ابن باز، عبدالعزيز بن عبدالله

وجوب لزوم السنة والحذر من البدعة / ترجمة محمد رقيب

الدين أحمد حسين. - الرياض

۲۰X۱٤ سم ؛ ۲۶ ص

ردمك: ۷-۲-۹۱۸۳ -۹۹۳۰

(النص باللغة البنغالية)

٧- البدع في الإسلام

١ – الصراط المستقيم

1 - حسين أحمد رقيب الدين أحمد (مترجم) ب- العنوان

14/1740

ديوي ۱، ۲۱۲

رقم الإيداع: ١٨/١٦٨٥

ردمك: ۷-۲-۹۱۸۳ -۹۹۳۰

﴿ بَعِنُونِ إِنْ مِالِيَّةِ مَا السَّيةِ وَالْمَالِيَّةِ مِنْ اللَّهِ الْمُعَالِسِّةِ مَا السَّيةِ وَالْمَحَذِر مُن اللِدَ عَدِ

لسَمَاحَة الشَّيخ عَبدالعَنهُ يزبن عَبدالله بن جَاز

نقلرالى اللغة البنغالية محمد رقيب الدين أحمد جسين

لنبلغ الإسلام معا

من إنجازات المكتب

قسم الجاليات

قسم الدعيوة

إســــلام أكثــر مـــن ثلاثـــة آلاف شخص مابين رجل وامرأة

طباعــة العديــد مــن الكتـب والمطويــات وتوزيــع الأشرطــة السمعيــة.

> إقامة ١١ رحلة للحج ٢٧ رحلة للعمرة

دعم المشاريع الدعوية والعلمية والتوعوية صلاحا للبلاد والعباد.

> تفطير أكثر من تسعة آلاف صائم في شهر رمضان.

التنسيق المستمر للعلماء وطلبة العلسم في المحاضرات والسدورات العلمية والكلمات التوجيهية بشكل أسبوعي.

إقامـــة ستـــة دروس مستمــرة للجاليـات بعـدة لغــات.

إقامــــة ١٣ درســـا أسبوعيــــا في المساجد.

لطلب الكميات/ الإتصال بقسم الدعوة في المكتب

A TIVE OF THE PROPERTY OF THE

المُكِمَّتُ التَّعِاوِنِي للرَّعَوْةِ وَالأَرْشَالِ أُوتُوعِيَةً إِلَا النَّابَ النِّسِيمِ ا

الريـــاض - حــي المنــار - خلــف مستشفــي اليمامــة

هاتف/ ۱۲۳۰۱۹۱- ۱۲۳۵۰۱۹۰ فاکس/ ۱۲۳۰۱۶۱۰

رقم الحساب: ۲٤١٠٠٢٩٠٠/٤